# কর্মীর স্ত্রীর সঙ্গে অনৈতিক সম্পর্কের অভিযোগে জামায়াত নেতা বহিষ্কার



নুরুল ইসলাম। ছবি: সংগৃহীত

হবিগঞ্জের চুনারুঘাট উপজেলার গাজীপুর ইউনিয়ন জামায়াতের আমির নুরুল ইসলাম সজলকে দলীয় পদ ও সদস্যপদ থেকে বহিষ্কার করা হয়েছে। একজন দলীয় কর্মীর স্ত্রীর সঙ্গে অনৈতিক আচরণের অভিযোগ তদন্তে সত্যতা পাওয়ার দাবি করে এ সিদ্ধান্ত নিয়েছে উপজেলা জামায়াত।

দলীয় সূত্র জানায়, বৃহস্পতিবার (৬ আগস্ট) অনুষ্ঠিত জরুরি সাংগঠনিক সভায় বিষয়টি নিয়ে আলোচনা শেষে বহিষ্কারের সিদ্ধান্ত গৃহীত হয়। নুরুল ইসলাম সজল গাজীপুর ইউনিয়নের জারুলিয়া গ্রামের বাসিন্দা।

জানা গেছে, কয়েক দিন আগে গভীর রাতে এক প্রতিবন্ধী কর্মীর বাড়িতে একটি ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা সৃষ্টি হয়। স্থানীয় বাসিন্দারা নুরুল ইসলাম সজলকে আটক করলে বিষয়টি ইউনিয়ন পর্যায়ের নেতাদের নজরে আসে। পরে স্থানীয়ভাবে সমাধানের উদ্যোগ নেওয়া হলেও অভিযোগটি উপজেলা নেতৃত্বের কাছে পৌঁছায়।

এরপর দলীয়ভাবে অভিযোগ যাচাই-বাছাই করা হয়। তদন্ত শেষে অভিযোগের সত্যতা পাওয়া গেছে বলে দাবি করে সংগঠনের শৃঙ্খলা ও ভাবমূর্তি রক্ষার স্বার্থে তাকে সব ধরনের সাংগঠনিক দায়িত্ব থেকে অপসারণ ও দল থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়।

উপজেলা জামায়াতের আমির মো. ইদ্রিস আলী বলেন, অভিযোগটি গুরুত্বের সঙ্গে পর্যালোচনা করা হয়েছে। যাচাই শেষে সাংগঠনিক বিধিমালা অনুযায়ী নুরুল ইসলাম সজলকে বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে গাজীপুর ইউনিয়ন জামায়াতের ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে মাওলানা মো. আব্দুল মতিনকে দায়িত্ব দেওয়া হয়েছে।

অভিযোগের বিষয়ে বক্তব্য নেওয়ার জন্য নুরুল ইসলাম সজলের সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হয়। প্রথমবার তিনি কল কেটে দেন। পরে আবার ফোন করা হলে সেটি বন্ধ পাওয়া যায়।